

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৩

২৫ মার্চ, ২০১৮
তারিখঃ-----
১১ চৈত্র, ১৪২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

প্রধান আর্থিক কর্মকর্তা এবং প্রধান তথ্য প্রযুক্তি কর্মকর্তা এর যোগ্যতা ও উপযুক্ততার মানদণ্ড প্রসঙ্গে।

ব্যাংক ব্যবসায় নতুন নতুন পণ্যের প্রচলন এবং তথ্য প্রযুক্তির উন্নয়ন ও আধুনিকায়নের সাথে সাথে নতুন নতুন ব্যবসায়িক ও প্রযুক্তি ঝুঁকির আবির্ভাব হচ্ছে। নতুন ধরনের এই ঝুঁকি মোকাবেলার জন্য প্রয়োজন দক্ষ ও অভিজ্ঞ প্রধান আর্থিক কর্মকর্তা (Chief Financial Officer) এবং প্রধান তথ্য প্রযুক্তি কর্মকর্তা (Chief Information Technology Officer)। ব্যাংক ব্যবস্থায় সুশাসন বৃদ্ধির জন্য ইতোপূর্বে ব্যাংকের পরিচালনা পর্ষদের সদস্য, প্রধান নির্বাহী, উপদেষ্টা এবং পরামর্শক নিয়োগের জন্য যোগ্যতা ও উপযুক্ততা নির্ধারণ করে সার্কুলার জারি করা হয়েছে। একই ধারাবাহিকতায় প্রধান আর্থিক কর্মকর্তা এবং প্রধান তথ্য প্রযুক্তি কর্মকর্তার ন্যূনতম যোগ্যতা ও উপযুক্ততা নির্ধারণপূর্বক এ সকল পদে পদায়ন, নিয়োগ, পুনঃনিয়োগ অথবা চুক্তি ভিত্তিক নিযুক্তির ক্ষেত্রে ব্যাংক কর্তৃক অনুসরণীয় নিম্নোক্ত নীতিমালা জারি করা হলো :

২। প্রধান আর্থিক কর্মকর্তা এবং প্রধান তথ্য প্রযুক্তি কর্মকর্তা পদে পদায়ন বা নিযুক্তির পূর্বে ব্যাংককে নিশ্চিত হতে হবে যে, তাঁদের নিম্ন বর্ণিত যোগ্যতা ও উপযুক্ততা রয়েছে :

ক) চারিত্রিক সংহতিঃ

অ) সংশ্লিষ্ট ব্যক্তি কোনো ফৌজদারী আদালত কর্তৃক কখনো দণ্ডিত হননি।

আ) তিনি কোনো নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের কোন বিধিমালা, প্রবিধান বা নিয়ামাচার কিংবা আইনের কোন বিধান লংঘনজনিত কারণে কখনো দণ্ডিত হননি।

ই) তিনি অর্থ আত্মসাৎ, দুর্নীতি, জাল-জালিয়াতি ও নৈতিক স্বলনজনিত কারণে চাকুরী হতে বরখাস্ত হননি।

খ) চাকুরীর রেকর্ডঃ

অ) চাকুরীর ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি উন্নত রেকর্ডের অধিকারী।

আ) তিনি ব্যাংকিং কিংবা স্বীয় পেশায় দায়িত্ব পালনকালে কোনরূপ অবৈধ কর্মকাণ্ডে জড়িত ছিলেন না।

গ) স্বচ্ছলতা ও আর্থিক সংহতি :

অ) সংশ্লিষ্ট ব্যক্তি কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে ঋণ খেলাপী নন।

আ) তিনি কোনো সময় আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হননি।

ঘ) স্বার্থের দ্বন্দ্বঃ

অ) সংশ্লিষ্ট ব্যাংকের সাথে তাঁর ব্যবসায়িক কোন স্বার্থ জড়িত নেই।

আ) তিনি নিজস্ব যোগ্যতায় বা অন্য কোন প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসেবে অন্য কোন ব্যবসা প্রতিষ্ঠানের পরিচালক বা অন্য কোন পদে অধিষ্ঠিত নন।

৩। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

প্রধান আর্থিক কর্মকর্তা এবং প্রধান তথ্য প্রযুক্তি কর্মকর্তার প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা নিম্নে উল্লেখ করা হলোঃ

ক) প্রধান আর্থিক কর্মকর্তা :

অ) প্রধান আর্থিক কর্মকর্তা পদায়ন বা নিযুক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে কমপক্ষে ১২(বার) বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে ব্যাংকের হিসাবায়ন ও কর সম্পর্কিত কার্যক্রমে অনূন ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

আ) তাঁকে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট(সিএ) বা কষ্ট ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট(সিএমএ) বা সার্টিফাইড ফিন্যান্সিয়াল এনালিস্ট (সিএফএ) বা অনুরূপ পেশাগত ডিগ্রী বা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবসায় প্রশাসন(এমবিএ), ব্যাংক ব্যবস্থাপনা(এমবিএম), অর্থনীতি, ফিন্যান্স, হিসাব বিজ্ঞান কিংবা ব্যাংকিং বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে।

খ) প্রধান তথ্য প্রযুক্তি কর্মকর্তা :

অ) প্রধান তথ্য প্রযুক্তি কর্মকর্তা পদে পদায়ন বা নিযুক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির তথ্য প্রযুক্তি খাতে কমপক্ষে ১২(বার) বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তাঁকে ব্যাংকিং-আইটি সম্পর্কিত কাজ যথাঃ আইটি পলিসি এন্ড প্ল্যানিং, ফিন্যান্সিয়াল নেটওয়ার্ক এন্ড অ্যাপলিকেশন, ফিন্যান্সিয়াল ইনফরমেশন সিস্টেমস, সাইবার সিকিউরিটি টেকনোলোজি, পেমেন্ট টেকনোলোজি, ইত্যাদি কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

আ) তাঁকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/প্রকৌশল, পদার্থ বিজ্ঞান, ফলিত পদার্থ বিজ্ঞান, গণিত, পরিসংখ্যান বা ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং(ইইই)-এ নূনতম স্নাতক ডিগ্রীধারী অথবা আইসিটিতে ডিপ্লোমাসহ যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে।

ই) তাঁকে অনুমোদিত/নিবন্ধিত কোন কম্পিউটার সোসাইটির সদস্য/সহযোগী সদস্য হতে হবে।

৪। দায়-দায়িত্ব ও ক্ষমতাঃ

ব্যাংকের পরিচালনা পর্ষদ বা ক্ষেত্রমত প্রধান নির্বাহী কর্মকর্তা উল্লেখিত কর্মকর্তাদ্বয়ের কার্যপরিধি ও দায়-দায়িত্ব নির্ধারণ করবে। এরূপ দায়-দায়িত্ব নির্ধারণকালে ব্যাসেল কমিটি অন ব্যাংক সুপারভিশন প্রণীত 'গাইডলাইন্স-কর্পোরেট গভর্নেন্স প্রিন্সিপলস ফর ব্যাংকস (জুলাই, ২০১৫)'সহ আন্তর্জাতিক উত্তম চর্চা বিবেচনায় নেয়া যথাযথ হবে।

৫। সার্বক্ষণিক কর্মকর্তাঃ

প্রধান আর্থিক কর্মকর্তা এবং প্রধান তথ্য প্রযুক্তি কর্মকর্তা হবেন ব্যাংকের সার্বক্ষণিক কর্মকর্তা। তাঁদেরকে নিয়মিত অথবা চুক্তি ভিত্তিতে পদায়ন বা নিযুক্ত করা যাবে। তবে, খন্ডকালীন ভিত্তিতে উল্লেখিত পদে কোন কর্মকর্তাকে পদায়ন বা নিযুক্ত করা যাবে না।

৬। ভারপ্রাপ্ত/অতিরিক্ত দায়িত্বঃ


উল্লেখিত পদে নিয়োজিত কর্মকর্তাদ্বয় ব্যাংকের কার্যক্রম সুচারুরূপে সম্পাদন এবং স্থিতিশীলতা রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন; তাই, উক্ত পদসমূহের কার্যাবলী যোগ্য জনবল দ্বারা নিরবচ্ছিন্নভাবে পরিচালনা করা দরকার। এ প্রেক্ষিতে ব্যাংককে নিশ্চিত করতে হবে যেন বর্ণিত পদসমূহ ০৩(তিন) মাসের অধিক সময় ভারপ্রাপ্ত বা অতিরিক্ত দায়িত্ব হিসেবে পরিচালিত না হয়।

৭। পূর্ব অনুমোদনঃ

প্রধান আর্থিক কর্মকর্তা এবং প্রধান তথ্য প্রযুক্তি কর্মকর্তা পদায়ন বা নিযুক্তির পূর্বে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহণের প্রয়োজন নেই। তবে, পদায়ন বা নিযুক্তির সময় ব্যাংক কর্তৃক নিশ্চিত হতে হবে যে, তাঁরা আক্ষরিক এবং প্রকৃত অর্থে বর্ণিত যোগ্যতা ও উপযুক্ততার মানদণ্ড অনুযায়ী উক্ত পদের জন্য যোগ্য। উল্লেখিত কর্মকর্তাদ্বয়ের নিয়োগ সংক্রান্ত তথ্য ব্যাংকের বার্ষিক প্রতিবেদনে প্রকাশ করতে হবে।

৮। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে এই সার্কুলার লেটার জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে। তবে, বর্তমানে কোন ব্যাংকে নিয়োজিত প্রধান আর্থিক কর্মকর্তা এবং প্রধান তথ্য প্রযুক্তি কর্মকর্তার ক্ষেত্রে অনুচ্ছেদ ৩-এ উল্লেখিত প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ব্যত্যয় পরিলক্ষিত হলে তার পরিপালন ৩১ ডিসেম্বর, ২০১৮ তারিখের মধ্যে নিশ্চিত করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,



(আবু ফরাহ মোঃ নাছের)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২